

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর  
সরকারি ও সিনিয়র মাদ্রাসা  
গাইড হাউস (৭ম ও ১০ম তলা), নিউ বেইলী রোড,  
ঢাকা-১০০০।  
www.dme.gov.bd



স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.০৫.০২৯.১৮.১১০

তারিখ: ২০ মাঘ ১৪২৭

০৩ ফেব্রুয়ারি ২০২১

বিষয়: **এমপিওভুক্ত বেসরকারি মাদ্রাসাসমূহে গ্রন্থাগারিক ও সহকারী গ্রন্থাগারিক পদে নিয়োগের নিমিত্ত শর্তাবলী/নীতিমালা প্রণয়ন প্রসঙ্গে।**

সূত্র: কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সচিব মহোদয়ের মৌখিক নির্দেশনা।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও কার্যার্থে জানানো যাচ্ছে যে, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা ২০১৮ (২৩ নভেম্বর, ২০২০ পর্যন্ত সংশোধিত) তে এমপিওভুক্ত দাখিল ও আলিম মাদ্রাসার স্টাফ প্যাটার্ণে সহকারী গ্রন্থাগারিক কাম ক্যাটালগার এবং ফাজিল ও কামিল মাদ্রাসার স্টাফ প্যাটার্ণে সহকারী গ্রন্থাগারিক কাম ক্যাটালগার ও গ্রন্থাগারিক পদ অন্তর্ভুক্ত আছে।

২। উক্ত পদগুলোতে (সহকারী গ্রন্থাগারিক কাম ক্যাটালগার ও গ্রন্থাগারিক) নিয়োগের নিমিত্ত প্রতিষ্ঠান প্রধানদের আবেদনের প্রেক্ষিতে মহাপরিচালক (মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর) মহোদয় কর্তৃক প্রতিনিধি মনোনয়ন দেয়া হয়।

৩। সহকারী গ্রন্থাগারিক কাম ক্যাটালগার ও গ্রন্থাগারিক পদে নিয়োগের নিমিত্ত নিম্নোক্ত শর্তাবলী/নীতিমালার প্রস্তাব করা হলো-

১। কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রণীত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা ২০১৮ (২৩ নভেম্বর, ২০২০ পর্যন্ত সংশোধিত) অনুযায়ী সহকারী গ্রন্থাগারিক কাম ক্যাটালগার ও গ্রন্থাগারিক পদের প্রাপ্যতা থাকতে হবে।

২। পৃথক সুপারিসর কক্ষে একটি সমৃদ্ধ গ্রন্থাগার থাকতে হবে।

৩। দাখিল ও আলিম মাদ্রাসার গ্রন্থাগারের আয়তন নূন্যতম ৩০০ বর্গফুট হতে হবে।

৪। ফাজিল ও কামিল মাদ্রাসার গ্রন্থাগারের আয়তন নূন্যতম ৪০০ বর্গফুট হতে হবে।

৩। দাখিল ও আলিম মাদ্রাসার গ্রন্থাগারে কমপক্ষে ২০০০ বই থাকতে হবে।

৩। ফাজিল ও কামিল মাদ্রাসার গ্রন্থাগারে কমপক্ষে ৩০০০ বই থাকতে হবে।

৪। মাদ্রাসার প্রতি শ্রেণির জন্য কম পক্ষে ৩ সেট পাঠ্য বই থাকতে হবে।

৫। তাফসীর, উসুলে তাফসীর, হাদীস (সিহাহ সিভাহসহ) উসুলে হাদীস, ফিকহ, বাংলা, ইংরেজি ও আরবি অভিধান, আরবি ভাষা ও ব্যাকরণসহ পর্যাপ্ত আরবি বই থাকতে হবে।

৬। বঙ্গবন্ধু, মুক্তিযুদ্ধ, বাংলার ইতিহাস, বাংলাদেশের ইতিহাস, ইতিহাস ও ইসলামের ইতিহাস, বিজ্ঞান, আল্‌জীবনীসহ যুগের চাহিদা মারফিক পর্যাপ্ত বই-পুস্তক থাকতে হবে।

৭। ক্যাটালগ সিস্টেম থাকতে হবে।

৮। পর্যাপ্ত Reference বই থাকতে হবে।

৯। ছাত্র/ছাত্রীদের জন্য পৃথক পৃথক সংযুক্ত বাথরুম থাকতে হবে।

১০। অন্তত ৩০ জন শিক্ষার্থী একসাথে অধ্যয়নের সুব্যবস্থা থাকতে হবে।

১১। শিক্ষক ও ছাত্র/ছাত্রীদের পৃথকভাবে অধ্যয়নের ব্যবস্থা থাকতে হবে।

১২। গ্রন্থাগারে পর্যাপ্ত চেয়ার, টেবিল, বুক সেলফ, র্‌য়াক, আলমারীসহ প্রয়োজনীয় আসবাবপত্র থাকতে হবে।

১৩। বিদ্যুৎ ব্যবস্থা ও পর্যাপ্ত ফ্যান থাকতে হবে।

১৪। আইপিএস/ইন্টারনেট/wifi কানেকশন থাকতে হবে।

১৫। e-book অধ্যয়নের সুবিধা থাকতে হবে।

১৬। উপরিউক্ত শর্তাবলী সম্বলিত গ্রন্থাগার আছে কিনা এ বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক দাখিল ও আলিম মাদ্রাসার ক্ষেত্রে উপজেলা নির্বাহী কর্মকর্তা এবং ফাজিল ও কামিল মাদ্রাসার ক্ষেত্রে জেলা প্রশাসক/অতিরিক্ত জেলা প্রশাসক কর্তৃক সুনির্দিষ্ট মতামতসহ প্রত্যয়ন থাকতে হবে।

চলমান-

৪। এমতাবস্থায়, এমপিওভুক্ত দাখিল, আলিম মাদ্রাসায় সহকারী গ্রন্থাগারিক কাম ক্যাটালগার পদে এবং ফাজিল ও কামিল মাদ্রাসায় গ্রন্থাগারিক পদে নিয়োগের নিমিত্ত উপরিউক্ত শর্তাবলী/নীতিমালার প্রস্তাব সদয় অনুমোদন ও পরবর্তী প্রয়োজনীয় নির্দেশনার জন্য মহোদয় সমীপে প্রেরিত হলো।



৩-২-২০২১

কে, এম, রুহুল আমীন  
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

সচিব

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৩.০৫.০২৯.১৮.১১০/১(৭)

তারিখ: ২০ মাঘ ১৪২৭  
০৩ ফেব্রুয়ারি ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে

- ১) অতিরিক্ত সচিব (মাদ্রাসা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
- ২) উপসচিব, এমপিও শাখা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
- ৩) পরিচালক (সকল), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
- ৪) উপ-পরিচালক (সকল), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
- ৫) সহকারী পরিচালক (সকল) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
- ৬) পরিদর্শক (সকল), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
- ৭) ব্যক্তিগত সহকারী (পিএ), মহাপরিচালক এর দপ্তর, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর



৩-২-২০২১

মোঃ আফাজ উদ্দিন  
সহকারী পরিচালক